



Ref:

Date:

### নৈরাজ্যমুক্ত হোক শিক্ষাপ্রাঙ্গণ

বিগত পয়লা মার্চ (01/03/2025), যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত পশ্চিমবঙ্গসরকারপোষিত কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলির বৃহত্তর সংগঠন ওয়েবকুপার বার্ষিক সাধারণ সভায় একদল বামপন্থী ছাত্রছাত্রীর কদর্য নৈরাজ্যের রাজনীতিকে প্রত্যক্ষ করলাম আমরা। উক্ত সম্মেলন কোনো গোপন গেরিলা আক্রমণ ছিল নাকি? যে তাকে প্রতিরোধ করতে বামপন্থী ছাত্রছাত্রীরা ঝাঁপিয়ে পড়লেন? মাননীয় শিক্ষামন্ত্রী কি কোনো ফেরারী আসামি? যে তাঁকে ও গাড়িকে লক্ষ্য করে কদর্য ও কুৎসিত আক্রমণ করে ওরা সাম্যবাদী সমাজ প্রতিষ্ঠায় একধাপ এগিয়ে গেলেন। এর মূলে বর্তমান বাম-অতিবাম রাজনীতির দিশাহীন দৈন্যদশার নগ্ন বহিঃপ্রকাশের গভীর কোনো ষড়যন্ত্র কাজ করেছে বলে আমাদের অনুমান। সভায় আগত সম্মানীয় প্রতিনিধিরাও এই শারীরিক-মানসিক নির্যাতন থেকে রেহাই পাননি যা অত্যন্ত বর্বরতার দৃষ্টান্ত হয়ে থাকলো।

বিগত বছরগুলিতে ও যাদবপুর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আমরা এমন অনেক ঘটনা প্রত্যক্ষ করেছি, যা একেবারেই 'ছাত্রছাত্রীসুলভ' নয়। যে বিদ্যায়তনিক প্রতিষ্ঠান বহুস্বরের ধারক-বাহক হিসেবে পরিচিত, সেখানে ভিন্নরুচির অধিকার ও মতপ্রকাশের স্বাধীনতাকে বারবার চ্যালেঞ্জ করা হচ্ছে, যা ভারতীয় সংবিধান ও গণতান্ত্রিক কাঠামোর মূলে কুঠারাঘাত করেছে। মতপ্রকাশের স্বাধীনতার ওপর এই নৃশংস বর্বর আক্রমণের রাজনীতি ও নৈরাজ্যের বাতাবরণ সৃষ্টির চরম বিরোধিতা করছি এবং আমাদের সহকর্মী-সহমর্মী অধ্যাপক-অধ্যাপিকাদের উপর শারীরিক নিগ্রহ ও অমানবিক লাঞ্ছনার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

ঘটনাস্থলে প্রাণসংশয়ের মুখে প্রিয় শিক্ষামন্ত্রী যে সাহস এবং সংযম ও ধৈর্যের পরিচয় দিয়েছেন এবং তার পরবর্তীপর্যায়ে এখনও পর্যন্ত বিভিন্ন মিটিং, সভাসমিতি, সংবাদমাধ্যম প্রভৃতি ক্ষেত্রে আলোচনার সময় তাঁর দেওয়া বয়ান যেভাবে সমাজের শুভবুদ্ধিসম্পন্ন মানুষজনকে অত্যন্ত আকৃষ্ট করেছে এবং সেদিনের ঘটনার সত্যতা উন্মোচন করেছে এবং অভিভাবকের মতো তিনি যেভাবে আহত ছাত্র, অধ্যাপক ও অধ্যাপিকা এবং উপাচার্যের পাশে দাঁড়িয়েছেন তা নিঃসন্দেহে সাধুবাদ যোগ্য ও শিক্ষণীয় হয়ে পশ্চিমবঙ্গের মানুষের কাছে নিজেকে যথোপযুক্ত ও আদর্শ উচ্চশিক্ষামন্ত্রীরূপে প্রতিষ্ঠিত করেছেন। সেইসঙ্গে এটাও নিখিলবঙ্গ রাজ্য সরকারি কলেজ শিক্ষকসমিতির তরফ থেকে জানাতে চাইছি যে বাংলার অন্যতম সেরা শিক্ষাপ্রতিষ্ঠানকে রাজনীতির স্বার্থে যারা কলুষিত করতে চাইছে, তাদের প্রতি রইল একরাশ ঘৃণা ও ধিক্কার। ভবিষ্যতে ও যদি কোন শিক্ষাঙ্গনে শিক্ষামন্ত্রী সহ শিক্ষক-শিক্ষিকা, অধ্যাপক-অধ্যাপিকা ও কর্মীবৃন্দের উপর বাম-অতিবাম রাজনীতির দিশাহীন দৈন্যদশার নগ্ন বহিঃপ্রকাশ দেখতে পাওয়া যায়, তাহলে তখন ও আমাদের সমিতির দৃঢ় প্রতিবাদকণ্ঠ সোচ্চার হবে এবং নিন্দা ও ধিক্কার জানাবে।

এই বিষয়ে বিস্তারিত জানাতে এবং আমাদের পরবর্তী কর্মসূচি ঘোষণা করতে ১০ মার্চ, সোমবার, বিকেল ৫টা, কলকাতা প্রেসক্লাবে একটি প্রেস মিট অনুষ্ঠিত হবে। গণমাধ্যমের সম্মানিত সদস্যদের উক্ত প্রেস মিটে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হচ্ছে।

১০ই মার্চ ২০২৫

ধন্যবাদান্তে—

মহঃ আব্দুর রফিক সরদার  
সভাপতি

ড. সুতপা সান্যাল  
সাধারণ সম্পাদক

সদস্যবৃন্দ

ABSGCTA

ABSGCTA

ABSGCTA

যোগাযোগের জন্য:

(Dr Sutapa Sanyal, General Secretary, All Bengal State Govt College Teachers' Association)

(Phone No: **9874075312**, e-mail: **sutapa2007.sanyal@gmail.com**)